গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং-২১.০০.০০০০.৩০৯.১৪.০০৬.২০১৭-১৫ তারিখ: ১৪-০৬-২০১৮ খ্রিষ্টাব্দ।

**বিষয়: "পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় (পিএমইউ অংশ)"-শীর্ষক প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কর্তৃক বাস্তবায়িত "পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় (পিএমইউ অংশ)"-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। আইএমই বিভাগ কর্তৃক প্রণীত উক্ত প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন কপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২। পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত ব্যাবস্থা ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৬ (ছয়) পাতা

১৪-৬-২০১৮

মো: মশিউর রহমান খান মিথুন
সহকারী পরিচালক
ফোন: ০১৭১৭২৫৮৯৯৬

সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৩। প্রকল্প পরিচালক, "পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় (পিএমইউ অংশ)", পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
২। মহাপরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
৩। পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর,ঢাকা।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।

## চলমান প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী: মো: মশিউর রহমান খান মিথুন, সহকারী পরিচালক। পরিদর্শন তারিখ: ৩১-০৪-২০১৮

১। **প্রকল্পের নাম:** পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় (পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ অংশ)।

২। **(ক) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ:** পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

**(খ) বাস্তবায়নকারী সংস্থা:** পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ

৩। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ( লক্ষ টাকায়) :**

| | মূল অনুমোদিত | সংশোধিত |
|---|---|---|
| মোট | ২৬,৪৫২.৯৫ | ২৮,৪১০.৯০ |
| টাকা (জিওবি) | ৪,৭৫৫.৪৩ | ৬,৮৯৬.৮৩ |
| প্রকল্প সাহায্য | ২০,৬৬১.৯২ | ২১,৫১৪.০৭ |
| অন্যান্য (উপকারভোগী) | ১,০৩৫.৬০ | ০০ |

৪। **প্রকল্পের অর্থায়ন ( ঋণ/অনুদান/ইকুইটি) :** ঋণ

৫। **বাস্তবায়নকাল:**

| | মূল অনুমোদিত | সংশোধিত |
|---|---|---|
| আরাম্ভ | ২০১১-২০১২ | ২০১১-২০১২ |
| সমাপ্তি | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ |

৬। **প্রকল্প এলাকা:** রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার সকল উপজেলা

৭। **সাধারণ পর্যবেক্ষণ:**

৭.১ **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:** পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জনগণের আর্থ-সামাজিক জীবনমানের উন্নয়নকল্পে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর আর্থিক সহায়তায় "পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন (১ম পর্যায়)"-শীর্ষক একটি প্রকল্প মোট ৩১৩.৬৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০০১ হতে ডিসেম্বর ২০০৯ মেয়াদে বাস্তবায়িত হয়। পরবর্তীতে বাংলাদেশ সরকার ও এডিবি (এপ্রিল-মে,২০০৯) এর যৌথ আলোচনার প্রেক্ষিতে এডিবি'র Fact Finding Mission অনুরুপ আরও একটি প্রকল্প গ্রহণের জন্য মাঠ পর্যায়ে ২৪ আগষ্ট-১৬ সেপ্টেম্বর ২০০৯ একটি সমীক্ষা চালায়। সে আলোকে প্রণীত Aide Memoire বাংলাদেশ সরকার এর সম্মতিতে একটি টিএ প্রকল্প ৮.৯০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুন ২০১০ হতে ডিসেম্বর ২০১০ মেয়াদে বাস্তবায়িত হয়। উক্ত টিএ প্রকল্পের আলোকে স্থানীয় চাহিদা এবং প্রথম পর্যায়ে বাস্তবায়িত প্রকল্পের উপর আইএমইডির মূল্যায়ন ও সুপারিশের ভিত্তিতে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জনগণের জঅবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে এডিবি'র আর্থিক সহায়তায় ২য় পর্যায়ে "পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় পার্বত্য ) (চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ অংশ"-শীর্ষক আলোচ্য বিনিয়োগ প্রকল্পটি মোট ২৬,৪৫২.৯৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২০১১-২০১২ হতে ২০১৭-২০১৮ মেয়াদে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ৩ জেলায় ২৫টি উপজেলায় বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে।

৭.২ **উদ্দেশ্য:**

- পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের গ্রামীণ জনগোষ্ঠীর চরম দারিদ্র্য দূরীকরণের ব্যবস্থা গ্রহণ এবং পার্বত্য চট্টগ্রাম চুক্তির আলোকে এ এলাকার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলো যাতে তাদের অর্পিত দায়িত্ব পালনে সহায়ক ভুমিকা রাখতে পারে এ লক্ষ্যে এ সমস্ত প্রতিষ্ঠান গুলোকে যথোপযুক্তভাবে শক্তিশালী করার ব্যবস্থা গ্রহণ করা;

- স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকান্ড এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
- পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে পরিবেশ বান্ধব শস্যাদি/ফসলাদি উৎপাদনে উৎসাহ প্রদান এবং বাজারজাতকরণে সহায়তা প্রদানপূর্বক ক্ষুদ্র কৃষি ব্যবসার উন্নয়ন ও প্রসারের ব্যবস্থাকরণ;
- গ্রামীন সংযোগ সড়ক ও অবকাঠামো নির্মাণের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর বিশেষ করে মহিলা, চরমভাবে ক্ষতিগ্রস্থ গোষ্ঠী এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠি জনগণের অর্থনৈতিক সুযোগ সুবিধাদি সৃষ্টি করা; এবং
- পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ওয়াটারশেড এর অবস্থা উন্নয়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ পূর্বক ভূমি ও পানি সংরক্ষণের উন্নয়ন সাধনের ব্যবস্থা।

৭.৩ **প্রকল্প অনুমোদন অবস্থা:** আলোচ্য প্রকল্পটি জিওবি ও এডিবি'র অর্থায়নে মোট ২৬,৪৫২.৯৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২০১১-২০১২ থেকে ২০১৭-২০১৮ মেয়াদে গত ১৩/০৯/২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ১ বার সংশোধন করা হয়েছে। সংশোধিত ডিপিপিতে মোট ২৮,৪১০.৯০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২০১১-২০১২থেকে ২০১৮-২০১৯ মেয়াদে গত ৩১/০৫/২০১৭ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।

৮। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | অনুমোদিত অঙ্গের নাম | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | জুন/২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | লক্ষ্যমাত্রার বিপরীতে নভেম্বর'১৭ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | **রাজস্ব ব্যয়ঃ** | | | | | | | | |
| ১। | অফিসারের বেতন | ২৪৭.৬৬ | ১২জন | ১২০.২০ | ৪৮.৫৩% | ৫০.০০ | ২০.১৮% | ৩৩.৫০ | ৬৭.০০% |
| ২। | প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ১৫০.৮৩ | ২২জন | ৭২.৬৮ | ৪৮.১৮% | ২৭.০০ | ১৭.৯০% | ১৮.০০ | ৬৬.৬৬% |
| ৩। | ভাতাদি | ৮১৯.২৮ | ৩৮জন | ৩৮৭.৬৭ | ৪৭.৩১% | ১০৯.০০ | ১৩.৩০% | ৪৯.৪৬ | ৪৫.৩৭% |
| ৪। | সরবরাহ ও সেবা | ৬১২.৩৮ | ১০০% | ৪০৩.৮৫ | ৬৫.৯৪% | ৮৬.৫০ | ১৪.১২% | ৫৮.৪৮ | ৬৭.৫০% |
| ৫। | মেরামত, সংরক্ষণ ও পূর্ণবাসন | ১২৩.১৮ | ১০০% | ৮৩.৩৮ | ৬৭.৬৮% | ২৮.৫০ | ২৩.১৩% | ৮.২৭ | ২৯.০১% |
| | **উপ-মোট রাজস্বঃ** | ১৯৫৩.৩৩ | | ১০৬৭.৭৮ | | ৩০১.০০ | | ১৬৭.৭১ | |
| | **মুলধন খাতঃ** | | | | | | | | |
| ১। | সম্পদ সংগ্রহ/ক্রয় | ২৩৩.৩৩ | ১০০% | ২৩৩.৩৩ | ১০০% | - | - | - | - |
| ২। | নির্মাণ ও পূর্ত | ১১৩৩১.১২ | ১০০% | ৬৮৪৫.৪৫ | ৬০.৪১% | ২৭০০.০০ | ২৩.৮২% | ১২০২.৬২ | ৪৪.৫৪% |
| ৩। | বিবিধ মূলধন ব্যয়ঃ | | | | | | | | |
| | (ক) কনসালটেন্ট ও টেকনিক্যাল সার্ভিসেস | ৩৭৯৭.৭৩ | ১০০% | ২৫৫১.৬০ | ৬৭.১৮% | ৪৬৫.০০ | ১২.২৪% | ১৪৬.৮৩ | ৩১.৫৭% |
| | (খ) পরিবীক্ষণ ও মূল্যায়নঃ ডাটা আপডেট ও ন্যাচারাল রিসোর্স মনিটরিং | ১২২.৭৪ | ১০০% | - | - | - | - | - | - |
| | (গ) ইনডিভিজুয়েল কনসাল্টিং এবং সেফগার্ড এন্ড কোয়ালিটি মনিটরিং সেল | ৫২৬.১৩ | ১৯২ জনমাস | ৩০৮.২৯ | ৫৮.৫৯% | ১০৩.০০ | ১৯.৫৭% | ৪১.৭১ | ৪০.৪৯% |
| | (ঘ) প্রাতিষ্ঠানিক উন্নয়ন | ৬৫০.২৭ | ১০০% | ৪২৩.৭১ | ৬৫.১৫% | ১২২.০০ | ১৮.৭৬% | ৩৫.০৩ | ২৮.৭১% |
| | (ঙ) ভূমি অধিগ্রহণ ও পুর্ণবাসন | ৪৮৭৭.৫১ | ১০০% | ১৪৬৮.৯৫ | ৩০.১১% | ১০০০.০০ | ২০.৫০% | ১.৬১ | ০.১৬% |
| | (চ) এনজিও সার্ভিস (ভূমি অধিগ্রহণ ও পুর্ণবাসন) | ৩৪০.০০ | ১০০% | ২৩৩.৯৯ | ৬৮.৮২% | ৬৬.০০ | ১৯.৪১% | ৩৩.১৭ | ৫০.২৫% |
| | (ছ) ভূমি অধিগ্রহণ ইভালুয়েটর | ৪৪.৬১ | ১০০% | - | - | - | - | - | - |
| | (জ) এনজিও সার্ভিসেস | ১১৫৯.১৯ | ১০০% | ৭৩৭.০৯ | ৬৩.৫৮% | ২০০.০০ | ১৭.২৫% | ১১৮.৫৬ | ৫৯.২৮% |
| | (ঝ) ওয়াটার সেড ম্যানেজমেন্ট | ৩৮০.১৯ | ১০০% | ১৪১.১১ | ৩৭.১১% | ১৬৩.০০ | ৪২.৮৭% | ৩৬.৫০ | ২২.৩৯% |
| | (ঞ) MAD টেকনিক্যাল সার্ভিস | ৮০৭.৪৮ | ১০০% | ২৭৬.০৪ | ৩৪.১৮% | ১৮০.০০ | ২২.২৯% | ১২৭.৭২ | ৭০.৯৫% |
| | (ট) MAD টেনিং | ১০১৮.৪২ | ৮২৫টি | ১৩১.৯৩ | ১২.৯৫% | ২০০.০০ | ১৯.৬৩% | ১০৮.৮৮ | ৫৪.৪৪% |
| | (ঠ) MAD অর্চার্ড ডেভেলপমেন্ট | ১০৩৫.৬০ | ৯৭২ টি | - | - | - | - | - | - |
| | (ড) ইন্টারেস্ট | ১১৬৮.৮৫ | - | - | - | - | - | - | - |
| | **উপ-মোট মুলধনঃ** | ২৭৪৯৩.১৭ | | ১৩.৩৫১.৭৯ | | ৫১৯৯.০০ | | ১৮৫২.৬৩ | |
| | ফিসিক্যাল কন্টিজেন্সী | ০.০০ | - | - | - | - | - | - | - |
| | **সর্বমোট** | **২৯.৪৪৬.৫০** | **১০০%** | **১৪৪১৯.৫৭ (৪৮.৯৬%)** | **৫৪.৩৭%** | **৫৫০০.০০** | **১৮.৬৭%** | **২০২০.৩৪** | **৪০.২৮%** |

**তথ্য সূত্র:** প্রকল্প কার্যালয়

৯। **প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি:** অগ্রগতি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পের শুরু হতে জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৪৪১৯.৫৭ লক্ষ টাকা, যা মোট ব্যয়ের ৪৮.৯৬ % এবং বাস্তব অগ্রগতি ৫৪.৩৭%। উল্লেখ্য, প্রকল্পটির মেয়াদকাল ২০১৮-২০১৯ অর্থবছর পর্যন্ত নির্ধারিত রয়েছে। চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রকল্পটির অনুকূলে এডিপি'তে বরাদ্দের সংস্থান রাখা হয়েছে ৫৫০০.০০ লক্ষ টাকা যার মধ্যে মার্চ ২০১৮ পর্যন্ত ব্যয় করা হয়েছে ২০২০.৩৪ লক্ষ টাকা। অর্থাৎ মার্চ, ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৬৪৪০.৭১ লক্ষ টাকা, যা মোট প্রকল্প ব্যয়ের ৫৭.৮৬%। অথচ প্রকল্পটির ৮টি অর্থবছরে আর্থিক সংস্থান রাখা হয়েছিল ২৮,৪১০.৯০ লক্ষ টাকা। সার্বিক অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক নয় মর্মে প্রতিয়মান হয়। উল্লেখ্য, প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি হতে দেখা যায় প্রকল্পটির মোট ব্যয় ২৯.৪৪৬.৫০ লক্ষ টাকা। আবার অনুমোদিত ডআরডিপিপি'তে এবং বছরভিত্তিক ডিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা এর তথ্য হতে দেখা যায় প্রকল্পটির মোট ব্যয় ২৮,৪১০.৯০ লক্ষ টাকা। প্রকল্পের মোট ব্যয়ের ক্ষেত্রে ব্যাপক গড়মিল/অসামঞ্জস্যতা পরিলক্ষিত হওয়ায় প্রকল্পটির প্রকৃত ব্যয় নিরুপণ করা সম্ভব নয়।

১০. **বছরভিত্তিক ডিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা(জিওবি অংশ) :**

(লক্ষ টাকায়)

| মোট প্রকল্প ব্যয় | অর্থবছর | অনুমোদিত ডিপিপি/ আরডিপিপি'তে আর্থিক সংস্থান | এডিপি/আরডিপিপি'র বরাদ্দ | ছাড়কৃত অর্থের পরিমান | ব্যয়িত অর্থের পরিমান (মার্চ ২০১৮ পর্যন্ত) | অব্যয়িত অর্থ সমর্পন সংক্রান্ত |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২৮,৪১০.৯০ | ২০১১-২০১২ | ১৯৩.২৩ | ৫৫০.০০ | ৪৫০.০০ | ১৯৩.২৩ | - |
| | ২০১২-২০১৩ | ১২৭৫.১৫ | ১৪৬৯.০০ | ১৪২৭.৬০ | ১২৭৫.১৫ | - |
| | ২০১৩-২০১৪ | ১১৪৩.৬৫ | ৩১১২.০০ | ১৩৬১.৮৫ | ১১৪৩.৬৫ | - |
| | ২০১৪-২০১৫ | ৩১৭৭.৮২ | ৪৫৩১.০০ | ৩৯৩৬.৯৬ | ৩১৭৭.৮২ | - |
| | ২০১৫-২০১৬ | ৪১১০.৫৯ | ৪৮৮৩.০০ | ৪১৮১.৮৪ | ৪১১০.৫৯ | - |
| | ২০১৬-২০১৭ | ৫৩৩৭.০০ | ৫৩৩৭.০০ | ৪৭৬৭.৩৭ | ৪৫১৯.৯৩ | - |
| | ২০১৭-২০১৮ | ৮৩২৩.০৪ | ৫৫০০.০০ | ২২৮২.৪৪ | ২০২০.৩৪ | - |
| | **উপমোট:** | **২৩৫৬০.৫৪** | **২৫৩৮২.০০** | **১৮৪০৮.০৭** | **১৬৪৪০.৭১** | **-** |
| | ২০১৮-২০১৯ | ৪৮৫০.৩৬ | - | - | - | - |
| **সর্বমোট:** | | **২৮,৪১০.৯০** | **২৫৩৮২.০০** | **১৮৪০৮.০৭** | **১৬৪৪০.৭১** | **-** |

**তথ্য সূত্র:** প্রকল্প কার্যালয়

১১. **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

| প্রকল্প পরিচালক-এর আইডি নং | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| - | প্রকল্প পরিচালক<br>পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় (পিএমইউ অংশ) প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়, রাঙ্গামাটি। | ০১/০১/২০১২ হতে বর্তমান | নিয়মিত | না | - |

**তথ্য সূত্র:** প্রকল্প কার্যালয়

১২। **পরিদর্শন:** গত ৩১-০৪-২০১৮ তারিখে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড বাস্তবায়নাধীন "পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প ২য় পর্যায় (পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ অংশ)"-শীর্ষক প্রকল্পটির আওতায় রাঙ্গামাটি জেলায় বাস্তবায়নাধীন ২টি এইচ বি বি সড়ক ২টি টিউবয়েল ক্ষুদ্র কৃষি ব্যবসা উন্নয়ন কম্পোনেন্ট এর আওতায় কাঠালতলী পাড়া মৎস্য উৎপাদনকারী দল এর কুচিয়া মাছ চাষের প্রদর্শনী প্লট, ওষধী গাছের নার্সারী এবং কাপ্তাই উপজেলার ওয়াগগা ইউনিয়নের মার্কেট সেট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শিত প্যাকেজ তিনটির বর্ণনা নিম্নরূপ:

**প্যাকেজের বিবরণ:**

(ক) Installation of 08 (Eight) no's Tube Well Jharnatila Para, Longudu Sadar Union, Longudu UpaZilla, Rangamati. ( Package no: CI/SSWR/ DTW/RAN/2016-17/87)

(খ) Construction of Kutukchari to chegeyachari village access road (package-1)ch-0.00-1500.00 (Package No-CI/VAR/TA/RAN/2015-16/25

(গ) Construction of Kutukchari to chegeyachari village access road (package-2)ch-1500.00-3100.00

১২.১ **বাস্তব কাজ অবলোকন:**

**(ক) গ্রামীণ সড়ক:** প্রকল্পের আওতায় ১৬৬ কি: মি: গ্রামীণ সড়কের উন্নয়ন ও উন্নীতকরণ করার কাজ চলমান আছে। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে ১০৫ কি: মি: ইউনিয়ন সড়ক, ৬১ কি:মি: উপজেলা সড়ক এবং ৩৮৮৪ মিটার পুল ও কালভার্ট। প্রকল্প প্রণয়নের প্রাক্কালে সম্ভাব্য গ্রামীণ সড়কের একটি দীর্ঘ তালিকা (২৬৪ কি:মি: পর্যন্ত) থেকে সড়কসমূহ পার্বত্য আঞ্চলিক পরিষদের সম্মতিতে বাছাই করা হয়। এর মধ্যে ১৮ মাইল হতে তালুকদার পাড়া ও রাঙ্গীপাড়া পর্যন্ত সড়কটি পরিদর্শন করা হয়। এটি একটি গ্রামীণ সড়ক। সড়কটি এইচবিবি দ্বারা উন্নয়ন করা হয়েছে। প্যাকেজ দুটির চুক্তিমূল্য যথাক্রমে ৬২.৫৫ লক্ষ টাকা ও ৪৪.৭৭ লক্ষ টাকা এবং নির্মাণ কাজে ব্যয় হয়েছে যথাক্রমে ৫২.৩৩ লক্ষ ও ৪৩.৯৫ লক্ষ টাকা। প্যাকেজ দুটির নির্মাণ কাজ যথাযথভাবে করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

**(খ) কৃষিভিত্তিক ক্ষুদ্র ব্যবসা উন্নয়ন:** সামর্থ বৃদ্ধির মাধ্যমে উচ্চ ফলনশীল কৃষিজাত পণ্যের বাজারজাত ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জন করার জন্য মার্কেটসেড স্থাপন করা হয়েছে। যেখানে প্রতিদিন সকালবেলা স্থানীয় জনসাধারণ তাদের উৎপাদিত পণ্য বেচকেনা করেন। বাজার ব্যবস্থায় সমমনা দল গঠন করা হয়েছে এবং মহিলাদের অংশগ্রহণ চোখে পড়ার মত। পার্বত্য অঞ্চলে সম্ভাবনাময় উন্নত কৃষিজ পণ্য যেমন- মৎস্য চাষ এর মধ্যে কাঠালতলী পাড়া মৎস্য উৎপাদনকারী দল এর কুচিয়া মাছ চাষের প্রদর্শনী প্লট পরিদর্শন করা হয়, যেখানে সময়মত খাবার দেয়া সহ মাছের প্রজননকালীন সময়ে রেনু পোনা বাচিয়ে রাখার জন্য বিশেষভাবে যত্ন নেয়া হচ্ছে। ঔষধি গাছের বাগান সৃষ্টির জন্য নার্সারির স্থাপনের পাশাপাশি বিভিন্ন ঔষধি গাছের ছোট ছোট বাগান সৃষ্টি করা হয়েছে।


(গ) **কমিউনিটি অবকাঠামো:** এ প্রকল্পের আওতায় চাপাখিয়া ছড়া (কলেজপাড়া) তে ক্ষুদ্র পানি সম্পদ অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে টিউবয়েল স্থাপন করায় সেখানকার মানুষদের বিশুদ্ধ পানির চাহিদা পূরন হয়েছে। রাঙ্গামাটি জেলার লংগদু উপজেলার লংগদু সদর ইউনিয়নের ঝর্ণাটিলা পাড়ার টিউবয়েল স্থাপনের কাজ পরিদর্শন করা হয়। কেবল নেটওয়ার্ক শীর্ষক প্রতিষ্ঠানকে ১১,৮৩,৩৮৩.০০ (এগার লক্ষ তেরাশি হাজার তিনশত তেরাশি টাকা) মূল্যে, যা প্রাক্কলিত মূল্য থেকে ১.০৪% নিম্নদর হওয়ায় দরপত্রটি গ্রহনের সুপারিশ করা হয়। টিউবয়েল স্থাপনের আগে স্থানীয় জনসাধারণ কাপ্তাই লেকের পানি পান করতো এবং নানা ধরনের পানি বাহিত রোগে আক্রান্ত হতো। টিউবয়েল স্থাপনের জন্য স্থানীয় জনসাধারণ সন্তোষ প্রকাশ করেন।

**(ঘ) প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও সামর্থ বৃদ্ধিকরণ:** এ প্রকল্পের সাথে সরাসরি জড়িত প্রতিষ্ঠান পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, পার্বত্য জেলা পরিষদ এবং এলজিইডি এর কাঠামোগত কার্যক্ষমতা বৃদ্ধি ও কর্মকালীন প্রশিক্ষণের সমন্বয়ের মাধ্যমে শক্তিশালীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়। প্রতিষ্ঠানগুলোর বর্তমান অবস্থা ও কার্যক্রমকালীন প্রয়োজনীয় সহায়ক অবস্থা নিরুপনের ভিত্তিতে এই কার্যক্রমের আওতায় সামর্থ্য বৃদ্ধিকরণের পরিকল্পনা গ্রহণ করা হয়। সে লক্ষ্যে আইপি ও সেফ গার্ডস ইস্যু, ভিলেজ ম্যাপিং ও প্রকল্প ব্যবস্থাপনা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ উপর প্রশিক্ষণ দেয়া হয়।


**পরিদর্শনের স্থির চিত্র:**




চিত্র-১: নির্মীত সড়কের একাংশ



চিত্র-২: সামাজিক মানচিত্রের একাংশ



চিত্র-৩: টিউবয়েল স্থাপন



চিত্র-৪: কুচিয়া মাছ চাষের প্রদর্শনী প্লট

১৩। সমস্যা:

১৩.১ <u>প্রকল্প বাস্তবায়নে ধীরগতি:</u> অনুমোদিত ডিপিপি/ডিপিপি'র বছরভিত্তিক আর্থিক সংস্থান, আরএডিপি বরাদ্দ ও ব্যয়ের চিত্র বিশ্লেষণে দেখা যায়-৭টি অর্থবছরে সংস্থানকৃত ২৩৫৬০.৫৪ লক্ষ টাকার বিপরীতে আরএডিপিতে বরাদ্দ প্রদান করা হয়েছে ২৫৩৮২.০০ লক্ষ টাকা (সংস্থানের চেয়ে ১৮২১.৪৬ লক্ষ টাকা বেশী)। বরাদ্দকৃত অর্থের বিপরীতে ১৬৪৪০.৭১ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়েছে, যা বরাদ্দকৃত অর্থের মাত্র ৬৪.৭৭% এবং মোট প্রকল্প ব্যয়ের ৫৭.৮৭%। বাস্তবায়নাধীন ৭টি অর্থবছরের কোনটিতেই বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় করা সম্ভব হয়নি। চলতি অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত ৫৫০০.০০ লক্ষ টাকার সমুদয় অর্থ ব্যয় করলেও অব্যয়িত অর্থের পরিমাণ থাকবে ৮৪৯০.৫৩ লক্ষ টাকা। অনুমোদিত মেয়াদ অনুযায়ী শেষ অর্থবছরে (২০১৮-২০১৯) অব্যয়িত ৮৪৯০.৫৩ লক্ষ টাকার (মোট প্রকল্প ব্যয়ের ২৯.৮৮%) সমুদয় অর্থ ব্যয় করার মত প্রাতিষ্ঠানিক সক্ষমতা পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের নেই মর্মে প্রতীয়মান হয়।

১৩.২ <u>নির্মাণ কার্যক্রম বাস্তবায়নে পার্বত্য জেলা পরিষদের নিজস্ব প্রকৌশলী না থাকা:</u> পার্বত্য চট্টগ্রাম চুক্তির আলোকে এ অঞ্চলের জনগণের আর্থ-সামাজিক ও জীবনমান উন্নয়ন, গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলোর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিই প্রকল্পটি গ্রহণের মূখ্য উদ্দেশ্য। তিন পার্বত্য জেলা পরিষদের নিজস্ব প্রকৌশলী না থাকায় বর্তমানে এলজিইডি হতে প্রেষণে প্রকৌশলীগণ দায়িত্ব পালন করছেন। প্রকল্পটির আওতায় ৩ জন সহকারী প্রকৌশলী নিয়োগ দেয়া হয়। নির্মাণ কাজে গতিশীলতা আনতে ডিপিপিতে প্রকল্পের ৪র্থ বছরে শেষ পর্যায়ে এ ৩ জন সহকারী প্রকৌশলী পদসমূহকে স্থায়ীভাবে তিন পার্বত্য জেলা পরিষদে ন্যস্তকরণের বিষয়ে ঋণ চুক্তি পত্রে শর্ত রয়েছে।

১৩.৩ **<u>মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ না করাঃ</u>** প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির তথ্য আইএমইডি ছক-০৫ ও আইএমইডি ছক-০৩ ছক অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে আইএমইডি'তে প্রেরণ করা হয় না। ফলে বিভিন্ন সময়ে জাতীয় সংসদ, একনেকসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে চাহিদামত তথ্য সরবরাহে সমস্যার সম্মুখীন হতে হয়।

১৪। **সুপারিশ:**

১৪.১ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে পরিকল্পিত কর্মসূচীর সাথে সামঞ্জস্যতা রক্ষা করে পর্যাপ্ত এডিপি বরাদ্দ নিশ্চিত করার পাশাপাশি সার্বিক অগ্রগতি ত্বরান্বিত করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে;

১৪.২ নির্মাণ কাজে গতিশীলতা আনতে ঋণ চুক্তির শর্ত মোতাবেক ৩ জন সহকারী প্রকৌশলী পদসমূহকে স্থায়ীভাবে তিন পার্বত্য জেলা পরিষদে ন্যস্তকরণের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে;

১৪.৩ সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবশিষ্ট অর্থ বরাদ্দ নিশ্চিতসহ কাজের তালিকা (Work/Activity list) প্রণয়ন করতে হবে এবং কর্মপরিকল্পনা মোতাবেক Critical Path Method (CPM) অনুসরণ করে যথাসময়ে প্রকল্প সমাপ্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৪.৪ প্রকল্পের সুফল নিশ্চিত করার জন্য একটি পরিপূর্ণ Exit Plan প্রণয়নে এখন হতে সচেষ্ট হতে হবে এবং Exit Plan এর কপি আইএমইডিকে সরবরাহ করতে হবে;

১৪.৫ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত মাসিক প্রতিবেদন আইএমইডি ছক-০৫ এবং ত্রৈমাসিক প্রতিবেদন আইএমইডি ছক-০৩ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে নিয়মিতভাবে অবশ্যই আইএমইডি'তে প্রেরণ করতে হবে; এবং

১৪.৬ বর্ণিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

১৪-৬-২০১৮

(মো: মশিউর রহমান খান মিথুন)
সহকারী পরিচালক